

## সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ১৮/০৩/২০১৯ খ্রিষ্টাব্দ

### বাংলাদেশ জাতীয় জাদুঘরে ড. এম এ ওয়াজেদ মিয়া: বাংলাদেশের আধুনিক পরমাণু বিজ্ঞানের প্রাণপুরুষ শীর্ষক সেমিনার আয়োজন

বাংলাদেশ জাতীয় জাদুঘর আগামী ২০ মার্চ ২০১৯, বুধবার বিকাল ৪.৩০ মিনিটে কবি সুফিয়া কামাল মিলনায়তনে ড. এম এ ওয়াজেদ মিয়া: বাংলাদেশের আধুনিক পরমাণু বিজ্ঞানের প্রাণপুরুষ শীর্ষক সেমিনারের আয়োজন করেছে।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী **জনাব কে এম খালিদ, এমপি**। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সম্মানিত ভারপ্রাপ্ত সচিব **ড. মো. আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি**। সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করবেন থিংকট্যাঙ্ক জন্মভূমি রিসার্চ সেন্টারের কর্মাধ্যক্ষ **জনাব আসিফ কবীর**। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় প্রধানমন্ত্রীর সাবেক বিশেষ সহকারী **অধ্যাপক সেলিমা খাতুন**, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরের কিউরেটর **জনাব নজরুল ইসলাম খান** এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান **প্রফেসর ড. নঈম চৌধুরী**। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য **অধ্যাপক ড. সুলতানা শফি**।

সেমিনারের সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সাইদ সামসুল করীম  
শিক্ষা অফিসার  
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

ঢাকা